



০৬

জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার ঢাকা-১২১৫।

ফোনঃ চেয়ারম্যান- ৫৫০১৩৭১৩, সার্বক্ষণিক সদস্য- ৫৫০১৩৭১৫, সচিব- ৫৫০১৩৭১৭

ই-মেইল info@nhrc.org.bd ওয়েব: www.nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/অভিযোগ/Suomoto/৫৬/১৯-৪০৩০(২) তারিখ: ৩১/১০/২০১৯

বিষয়: স্কুলে গেল ছাত্রী হয়ে ফিরল ধর্ষিতা হয়ে সংক্রান্ত অভিযোগের তদন্ত।

২৯ অক্টোবর, ২০১৯ তারিখ বাংলাদেশ প্রতিদিন পত্রিকায় ‘ভোলায় সন্তানের সামনে উলঙ্ঘা করে নির্যাতন’ শিরোনামে প্রকাশিত সংবাদের প্রতি জাতীয় মানবাধিকার কমিশনের দৃষ্টি আকৃষ্ট হয়েছে। প্রকাশিত সংবাদ থেকে জানা যায় যে, ভোলার লালমোহনে প্রায় এক বছর আগে স্ত্রী ও সন্তানের সামনে এক ব্যক্তিকে উলঙ্ঘা করে অমানবিক নির্যাতনের ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে। নির্যাতনের শিকার জিসিম উদ্দিনের স্ত্রী ২৮ অক্টোবর, ২০১৯ তারিখ লালমোহন থানায় মামলা দায়ের করেছেন। ২০১৮ সালের ২৫ জুলাইর এই ঘটনায় রবিবার ভাইরাল হওয়া ভিডিওতে দেখা যায়, প্যান্ট-শার্ট পরা হাসান নামে এক তরুণ হাতে লাঠি নিয়ে লুঙ্ঘা পরা একজনকে হাত-পায়ে রশি বেঁধে মারধর করছে। মারতে মারতে একপর্যায়ে মাটিতে ফেলে তাকে উলঙ্ঘা করে ফেলা হয়। পাশেই তার ছেট মেয়েটি বাবাকে ছাড়ানোর জন্য কান্নাকাটি করছে। উপস্থিত দর্শকদের কাছে মিনতি করছে। কিন্তু কেউ এগিয়ে আসছে না। প্রকাশিত সংবাদ থেকে জানা যায়, গত বছরের পৰিত্র ঈদুল আজহার দু-এক দিন পরে লালমোহনের ডাওরি বাজারে ওই ঘটনাটি ঘটে।

০২। অভিযোগের বিষয়টি অমানবিক। এ ঘটনায় দায়েরকৃত মামলা তদন্তের অগ্রগতি আগামী ২২/১২/১৯ তারিখের মধ্যে কমিশনকে অবহিত করতে আদিষ্ট হয়ে তাঁকে অনুরোধ করা হল। এই সঙ্গে পত্রিকায় প্রকাশিত সংবাদের ছায়ালিপি প্রেরণ করা হল।

সংযুক্ত: ০২ পাতা।

পুলিশ সুপার
ভোলা

ফারজানা নাজনীন তুলতুল
(ফারজানা নাজনীন তুলতুল)
সহকারী পরিচালক (সমাজসেবা এবং কাউন্সেলিং)
জাতীয় মানবাধিকার কমিশন

অনুলিপি:

সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।